


“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা  
সর্বোচ্চ অগ্রাধিকার”



জাতীয় সম্পদ গ্যাসের  
অপচয় রোধ করে  
জাতীয় দায়িত্ব পালন  
করুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন  
(পেট্রোবাংলা)  
অনুসন্ধান বিভাগ

পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি	ফারহানা শাওন মহাব্যবস্থাপক (অনুসন্ধান)
সভার তারিখ	০৩-০৫-২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	সভাকক্ষ, পেট্রোবাংলা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণের লক্ষ্যে সংস্থার অফিস আদেশ নম্বর-২৮.০২.০০০০.০১১.৩৭.০৬৩.২২.১২৮; তারিখ: ১২-০৪-২০২৩ এর মাধ্যমে পুনর্গঠিত কমিটির একটি সভা গত ০৩-০৫-২০২৩ তারিখে সংস্থার সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি ও কমিটির আহ্বায়ক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত “মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭” এবং “পেট্রোবাংলা’র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” এ বর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করা হয়।

২। সভাপতি সভাকে অবহিত করে যে, “পেট্রোবাংলা’র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” অনুযায়ী অংশীজনের (স্টেকহোল্ডার) অংশগ্রহণে কমপক্ষে ২টি সভা আয়োজন করা গেলে বর্ণিত সূচকের বিপরীতে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হবে এবং পূর্ণ নম্বর পাওয়া যাবে। এ বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, ১ম স্টেকহোল্ডার সভা সংস্থার অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের সঙ্গে তাদের সুবিধা-অসুবিধা নিয়ে গত ২৮-১১-২০২২ তারিখে পেট্রোবাংলার সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। অত্র সভায় ২য় স্টেকহোল্ডার সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। এতদলক্ষ্যে সংস্থার বনানীস্থ হাউজিং কমপ্লেক্সে বসবাসরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে তাদের আবাসন সংক্রান্ত সুবিধা-অসুবিধা নিয়ে ২য় স্টেকহোল্ডার সভা মে’২০২৩ মাসের মধ্যে আয়োজনের বিষয়ে প্রস্তাব করা হলে সভার সকল সদস্য সম্মতি প্রদান করে।

৩। সভাপতি সভাকে আরো অবহিত করে যে, “পেট্রোবাংলা’র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” অনুযায়ী সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) তিন মাস অন্তর হালনাগাদ করতে হয়। এতদলক্ষ্যে সংস্থার বেশকিছু বিভাগ/ডিপার্টমেন্ট-কে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তথ্যাদি অত্র কমিটি বরাবর প্রেরণের


জন্য ইতোপূর্বে অনুরোধ করা হয়েছিলো। তন্মধ্যে পেট্রোবাংলার সংস্থাপন বিভাগ এ সংক্রান্ত তথ্যাদি কমিটির নিকট প্রেরণ করেছে। কিন্তু উক্ত বিভাগ কর্তৃক প্রদানকৃত বেশকিছু তথ্য সঠিকভাবে উপস্থাপিত হয়নি বিধায় বর্ণিত বিভাগের কর্মকর্তাদের নিয়ে একটি সভা আয়োজনের বিষয়ে প্রস্তাব করা হলে সভার সকল সদস্য সম্মতি প্রদান করে।

৪। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) পেট্রোবাংলা'র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী সংস্থার বনানীস্থ হাউজিং কমপ্লেক্সে বসবাসরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে তাদের আবাসন সংক্রান্ত সুবিধা-অসুবিধা বিষয়ক ২য় স্টেকহোল্ডার (অংশীজন) সভা মে'২০২৩ মাসের মধ্যে আয়োজন করতে হবে।

খ) “পেট্রোবাংলা'র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” অনুযায়ী সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) তিন মাস অন্তর হালনাগাদকরণের লক্ষ্যে পেট্রোবাংলার সংস্থাপন বিভাগের কর্মকর্তাদের নিয়ে একটি সভা আয়োজন করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ফারহানা শাওন  
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)


স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০২৬.৫৮.০০১.২২.১৬৩

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০

০৭ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ব্যবস্থাপক, ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
- ২) ব্যবস্থাপক (ডেস্ক), অনুসন্ধান বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
- ৩) ব্যবস্থাপক, এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
- ৪) সহকারী ব্যবস্থাপক, তহবিল ও বীমা শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)



ফারহানা শাওন  
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)